সমকাল

তারিখ 14 OCT 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি ও ত্রাণ মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক শিক্ষা ও গবেষণা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। ঢাবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. শাহ্ কামাল সমঝোতায় স্বাক্ষর করেন বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

গতকাল রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## ঢাবি ও ত্রাণ

[তৃতীয় পৃষ্ঠার পর]

মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মো. রিয়াজ আহমদসহ অন্যরা উপস্থিত ছিলেন।

সমঝোতার আওতায় ঢাবির ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের শিক্ষার্থীরা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে ইন্টার্নশিপ করার সুযোগ পাবেন। গবেষণার জন্য মন্ত্রণালয় শিক্ষার্থীদের কারিগরি ও আর্থিক সহায়তা দেবে। শিক্ষার্থীরা বিভিন্ন দুর্যোগ কবলিত এলাকায় মাঠ পর্যায়ে গবেষণা করবে এবং গবেষণার ফল মন্ত্রণালয়কে অবহিত করবে।